

৫১

ঢাকা ওয়াসা

Name of the Work: Repair and Maintenance of 02(Two) nos computer for Store Division, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাছ ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডুস জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডার বিভাগে জমা রাখা হয়। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্পের পুরাতন ও ব্যবহার অনুপযোগী মালামাল এম আর এস, এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। অত্র বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। অত্র বিভাগে পর্যাপ্ত বদ্ধ গুদাম এবং উন্মুক্ত শেড না থাকায় মালামালের প্রকৃতিভেদে অপেক্ষাকৃত ক্ষুদ্র ও মূল্যবান মালামাল সমূহ বদ্ধ গুদামে এবং অপেক্ষাকৃত বড় ও ভারী মালামাল সমূহ যথাক্রমে উন্মুক্ত শেড ও খোলা মাঠে সংরক্ষণ করা হয়। উক্ত মূল্যবান মালামালসমূহ বিভিন্ন সময়ে ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডুস জোন, রাজস্ব জোন ও অফিসের উদ্ধর্তন কর্মকর্তাবৃন্দ ও পরামর্শক প্রতিষ্ঠানের দেশি/বিদেশি কর্মকর্তাবৃন্দ পরিদর্শন করে থাকেন। ভান্ডার বিভাগে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদেরকে এস আর আই এন, গেট পাস, রিকুইজিশন তৈরি ও বিভিন্ন সময়ে মজুদ মালামালের স্টক বিবরণী ইত্যাদি কার্যক্রম অনলাইনের মাধ্যমে করতে হয়। এছাড়া ডি-নথি, ই-জিপি, পেপারলেস বিল, অডিট রিপোর্টসহ ইত্যাদি কার্যক্রমও অনলাইনের মাধ্যমে করতে হয়। এসব কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বর্তমানে অত্র বিভাগের সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীর ০২ (দুই) টি কম্পিউটার মেরামত করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১

উপরোক্ত বর্ণনার আলোকে "Repair and Maintenance of 02(Two) nos computer for Store Division, Dhaka WASA" কাজের জন্য বর্তমান বাজার দরের (সংযুক্তি-২) ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৩) প্রস্তুত করা হয়েছে। যাতে মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ হয়েছে ২২,৮০০.০০ (বাইশ হাজার আট শত) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৯, প্যাকেজ-বি ১২.১ এর খোক বরাদ্দের আওতায় বাস্তবায়ন করা হবে (সংযুক্তি-১)। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৪-২০২৫ সংশোধিত অর্থ বছরের বাজেট বরাদ্দের "Computer Maintenance" খাত (কোড: ০১-০২-০২৩) হতে নির্বাহ করা হবে। কাজটি অতি জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তি-১	অত্র বিভাগের ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
সংযুক্তি-২	বর্তমান বাজার দর।
সংযুক্তি-৩	প্রাক্কলন।
সংযুক্তি-৪	প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২

এমতাবস্থায়, "Repair and Maintenance of 02(Two) nos computer for Store Division, Dhaka WASA" শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ২২,৮০০.০০ (বাইশ হাজার আট শত) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

MD. RAIHAN ALI
Sub-Assistant Engineer
Store Division, Dhaka WASA.

PAUL SARKER
Assistant Engineer
Store Division, Dhaka WASA

(মোঃ হুরোয়ার হোসেন খান)
নির্বাহী প্রকৌশলী
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা

মোঃ ইকবাল আহমেদ মজুমদার
প্রকৌশলী (সি দায়)
এস.এম.ডব্লিউ. সি পার্কস,
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা